

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯০৭

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিযার বর্ণনা

الفصل الاول (باب في المعجزا)

আরবী

وَعَنْهُ قَالَ: إِنَّ أُمَّ مَالِكِ كَانَتْ تُهْدِي لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي عُكَّةٍ لَهَا سَمْنًا فَيَاْتِيهَا بَنُوهَا فَيَسْأَلُونَ الْأُدُمَ وَلَيْسَ عِنْدَهُمْ شَيْءٌ فَتَعْمِدُ إِلَى الَّذِي كَانَتْ تُهْدِي فِيهِ لِلنَّبِيِّ فَيَاْتِيهَا بَنُوهَا فَيَسْأَلُونَ الْأُدُمَ وَلَيْسَ عِنْدَهُمْ شَيْءٌ فَتَعْمِدُ إِلَى الَّذِي كَانَتْ تُهْدِي فِيهِ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَجِدُ فِيهِ سَمْنًا فَمَا زَالَ يُقِيمُ لَهَا أُدُمَ بَيْتِهَا حَتَّى عَصَرَتْهُ فَأَتَتِ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «عَصَرْتِيهَا» قَالَتْ نَعَمْ قَالَ: «لَوْ تَرَكْتِيهَا مَا زَالَ قَالَ: قَالَتُ نَعَمْ قَالَ: «لَوْ تَرَكْتِيهَا مَا زَالَ قَائِمًا» . رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (8 / 2280)، (5945) ـ (صَحِيح)

বাংলা

৫৯০৭-[৪০] উক্ত রাবী [জাবির (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, উম্মু মালিক (রাঃ) হাদিয়্যাহ হিসেবে নবী (সা.)
-এর কাছে তার একটি চামড়ার পাত্রে ঘি পাঠাতেন। পরে তার সন্তানেরা এসে (রুটি খাওয়ার জন্য) তরকারি
চাইলে যখন তাদের কাছে কিছুই থাকত না, তখন উম্মু মালিক (রাঃ) ঐ পাত্রটি নিতেন, যেটির দ্বারা তিনি নবী
(সা.) -কে হাদিয়্যাহ পাঠাতেন এবং তাতে ঘি পেয়ে যেতেন। এমনকি সেই হতে সর্বদা উম্মু মালিক (রাঃ)-এর
ঘরে সেই ঘি তরকারি হিসেবে ব্যবহার হত। একদিন উম্মু মালিক (রাঃ) ঘিয়ের এ পাত্রটি নিংড়িয়ে নিলেন।
(সেদিন হতে বরকত শেষ হয়ে গেল) অতঃপর উম্মু মালিক কে নবী (সা.) -এর কাছে এসে তা জানালে তিনি
প্রশ্ন করলেন, তুমি কি উক্ত পাত্রটি নিংড়িয়ে ফেলেছিল? উম্মু মালিক এই বললেন, হ্যাঁ। তখন নবী (সা.) বললেন,
যদি তুমি (না নিংড়িয়ে) পাত্রটি স্বাভাবিক অবস্থায় ফেলে রাখতে তাহলে সর্বদা তাতে ঘি উপস্থিত থাকত।
(মুসলিম)

ফুটনোট



সহীহ: মুসলিম ৮-(২২৮০), মুসনাদে আহমাদ ১৪৭০৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসের ব্যাখ্যায় তীবী (রহিমাহুল্লাহ) বলেন, উম্মু মালিক (রাঃ) যখন উক্ত কৌটা একেবারে নিংড়িয়ে ফেলল তখন সেখান থেকে তরকারির স্থলাভিষিক্ত ঘি একেবারে শেষ হয়ে গেল। তারপর সে রাসূলুল্লাহ (সা.)-এর কাছে এসে তার তরকারি শেষ হয়ে যাওয়ার অভিযোগ করল। তখন তাকে রাসূল (সা.) বললেন, যদি তুমি তা একেবারে নিংড়িয়ে না ফেলতে তাহলে তা থেকেই যেত। আর শেষ হত না। কেননা অল্প কোন কিছুর মধ্যে যদি বরকত আসে তাহলে সেই অল্প পরিমাণও বেশি হয়ে যায়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন